

যুগান্তর

ঢাবি থেকে প্রলয় গ্যাংয়ের দুই সদস্য সাময়িক বহিষ্কার

ঢাবি প্রতিনিধি

২৮ মার্চ ২০২৩, ২০:১৬:০৪ | অনলাইন সংস্করণ



ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) শিক্ষার্থী জোবায়ের ইবনে হুমায়ুনকে মারধরের মামলায় কারাগারে থাকা ক্যাম্পাসভিত্তিক প্রলয় গ্যাংয়ের দুই সদস্যকে সাময়িক বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

মঙ্গলবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বহিষ্কৃতরা হলেন সাকিব ফেরদৌস ও নাইমুর রহমান দুর্জয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি ক্ষুণ্ণ, অসদাচরণ ও শৃঙ্খলা পরিপন্থী কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগে এ দুইজন শিক্ষার্থীকে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সাময়িক বহিষ্কারের অনুমোদন দেওয়া হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মঙ্গলবার সাময়িক বহিষ্কারের এ অনুমোদন দেন।

বহিষ্কৃতদের মধ্যে নৃবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী নাইমুর রহমান দুর্জয়, কবি জসীমউদদীন হল, শিক্ষাবর্ষ ২০২০-২০২১ এবং অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের শিক্ষার্থী সাকিব ফেরদৌস, স্যার এএফ রহমান হল, শিক্ষাবর্ষ ২০২০-২০২১।

সাময়িক বহিষ্কৃত শিক্ষার্থীদের ‘ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে কেন স্থায়ীভাবে বহিষ্কার করা হবে না’ মর্মে পত্রপ্রাপ্তির ৭ কার্যদিবসের মধ্যে লিখিত জবাব দিতে বলা হয়েছে।

শনিবার ২৫ মার্চ রাতে বিশ্ববিদ্যালয়ের কবি জসীমউদদীন হলের সামনে ওই ছাত্রকে পেটান অভিযুক্ত শিক্ষার্থীরা। ভুক্তভোগী জোবায়ের স্যার এএফ রহমান হলের ছাত্র ও অপরাধবিজ্ঞান বিভাগের দ্বিতীয় বর্ষে পড়েন।

অভিযুক্ত ছাত্ররাও একই বর্ষের। তারা ‘প্রলয়’ নামে ক্যাম্পাসভিত্তিক একটি গ্যাংয়ের সদস্য বলে জানা গেছে। নিয়মিত মাদক সেবন, ছিনতাই-চাঁদাবাজিসহ বিভিন্ন অপকর্মে জড়িত এ গ্যাংয়ের সদস্যরা।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023